গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।

স্মারক নং-৩৪.০১.৫০০০.০০০.৩৮.০১৬.১৩-৮৭৬

তারিখ : - ১৩/০৬/২০২৩খ্রি.

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্সের/ট্রেডের নাম | কোর্সের মেয়াদ | শিক্ষাগত যোগ্যতা | এককালীন কোর্স ফি | মৌখিক পরীক্ষার তারিখ | ভর্তির তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১। | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন(অনাবাসিক) আসন সংখ্যা=৭০ | ০৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৩) | এইচ.এস.সি. বা সমমানের পাশ | ১,০০০/= | ২৫/০৬/২৩ | ২৭/০৬/২৩ |
| ০২। | ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং (অনাবাসিক) আসন সংখ্যা=৩০ | ০৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৩) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৩০০/= | ২৫/০৬/২৩ | ২৭/০৬/২৩ |
| ০৩। | ইলেকট্রনিক্স (অনাবাসিক) আসন সংখ্যা=৩০ | ০৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৩) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৩০০/= | ২৫/০৬/২৩ | ২৭/০৬/২৩ |
| ০৪। | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক) আসন সংখ্যা=৩০ | ০৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৩) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৩০০/= | ২৫/০৬/২৩ | ২৭/০৬/২৩ |
| ০৫। | পোশাক তৈরী (অনাবাসিক) আসন সংখ্যা=২৫ | ০৩ মাস(০২ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৩) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৫০/= | ২৫/০৬/২৩ | ২৭/০৬/২৩ |
| ০৬। | মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন(অনাবাসিক) আসন সংখ্যা=৪০ | ০৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৩) | এইচ.এস.সি. বা সমমমানের পাশ | ৫০০/= | ২৫/০৬/২৩ | ২৭/০৬/২৩ |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২২ জুন, ২০২৩খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০২ জুলাই, ২০২৩খ্রি.।

খ) বর্ণিত কোর্স/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) স্বহস্তে পূরণকৃত 'ভর্তির আবেদন ফরমে (১) নাম(বাংলা ও ইংরেজি) (২) পিতার নাম(বাংলা ও ইংরেজি) (৩) মাতার নাম(বাংলা ও ইংরেজি) (৪) জন্ম তারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৬) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম সনদপত্র (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহিত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যৎ পরিকল্পণা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঘ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা জেলার উপ-পরিচালক এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

ঙ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণ নির্বিশেষে আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/জেলা কার্যালয়ে দাখিল করতে পারবে।

চ) আবদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

ছ) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

ছ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ১০:০০ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ.ডি.এ. দেয়া হবে না।

জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঝ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হতে হবে।

গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

ঘ) প্রশিক্ষকালীন সময়ে সরকার ঘোষিত সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

ঙ) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ কোর্স ব্যতিত অন্যান্য কোর্সগুলি বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপস্থিতির ভিত্তিতে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগঃ

- উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্ত, কুষ্টিয়া।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ উপজেলা)।

(মোঃ মতিয়ার রহমান)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া

স্মারক নং-৩৪.০১.৫০০০.০০০.৩৮.০১৬.১৩-৮৭৬ তারিখ : - ১৩/০৬/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, কুষ্টিয়া

০২। পুলিশ সুপার, কুষ্টিয়া।

০৩। জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, কুষ্টিয়া।

০৪। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ অফিস, কুষ্টিয়া।

০৫। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, কুষ্টিয়া।

০৬। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া।

০৭। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।

০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুষ্টিয়া সদর/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া (তাকে ভর্তির বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা অফিস, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, প্রাণিসম্পদ কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও তালিকাভুক্ত যুবসংগঠনে প্রেরণ এবং অফিসের নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৯। প্রশিক্ষক(পোশাক/কম্পিউটার/ইলেঃ এন্ড হাঃ ওয়্যাঃ/আরএসি/ইলেকট্রনিক্স/স্টেনো-টাইপিং), যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।

১০। অফিসের নোটিশ বোর্ড।

১১। অফিস কপি।

(মোঃ সাদিকুজ্জামান)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া
মোবাইলঃ ০১৭১৬২১৯৪৭৮